

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা

প্রেস রিলিজ

তারিখ ৩ ডিসেম্বর, ২০০৭

গতকাল ২ ডিসেম্বর, ২০০৭ ছিল ব্যক্তি করদাতাদের রিটার্ণ জমা দেয়ার শেষ দিন। দাখিলকৃত রিটার্ণ ও এ খাতে প্রাপ্ত রাজস্ব আয় সম্পর্কে এ উপলক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান জনাব মোহাম্মদ আবদুল মজিদ সাংবাদিকদের সাথে এক প্রেস ব্রিফিং এ বক্তব্য রাখেন। তিনি জানান যে, এ বছর রেকর্ড সংখ্যক টিন নম্বরধারী রিটার্ণ জমা দিয়েছেন। ২০০৬-০৭ অর্থবছরে যেখানে রিটার্ণ জমা পড়ে ৫,৩৫,৯৯৪ টি সেক্ষেত্রে ২০০৭-০৮ অর্থবছরে জমা পড়ে ৬,৪৫,৬১৭। ২০০৬-০৭ অর্থবছরে যেখানে আয়কর রাজস্ব আদায় হয় ২৫২.১১ কোটি টাকা, সেক্ষেত্রে ২০০৭-০৮ অর্থবছরে আয়কর রাজস্ব আদায় হয় ৭৩৯.১১ কোটি টাকা।

তিনি জানান যে, সম্প্রতি কর প্রদান প্রসঙ্গে জনসাধারণের সচেতনতা বৃদ্ধি ও কর প্রদানকে একটি সামাজিক আন্দোলন হিসেবে গড়ে তোলার লক্ষ্যে জনপ্রিয় শিল্পী, ব্যবসায়ী, ক্রীড়াবিদ, পেশাজীবী ও শিক্ষাবিদগণের অংশগ্রহণে এনবিআর একটি ব্যতিক্রমধর্মী টিভি বিজ্ঞাপন নির্মাণ করে। এতে অংশ নেন নাট্যশিল্পী আলী যাকের ও ত্রপা মজুমদার, চিত্রতারকা রিয়াজ আহমদ, কণ্ঠশিল্পী সামিনা চৌধুরী, ক্রিকেটার মোহাম্মদ আশরাফুল, বিজিএমইএ এর সাবেক সভাপতি জনাব আনিসুল হক, আইনজীবী জনাব ওজায়ের ফারুক, চিকিৎসক ডাঃ মাহবুবুর রহমান এবং শিক্ষাবিদ ডঃ সৈয়দ মঞ্জুরুল ইসলাম। উক্ত বিজ্ঞাপনচিত্র নির্মাণকাজে উল্লিখিত বিশিষ্ট ব্যক্তিত্বগণ স্বতঃস্ফূর্তভাবে এবং সৌজন্যস্বরূপ অংশগ্রহণ করেন। টিভি চ্যানেলসমূহ বিনা খরচে বিজ্ঞাপনটি প্রচার করেছে।

এনবিআর করদাতা বান্ধব (Taxpayer Friendly) পরিবেশ সৃষ্টির লক্ষ্যে বর্তমান কর বর্ষ থেকে সার্বজনীন স্বনির্ধারণী রিটার্ণ (Universal Self Assessment) পদ্ধতি চালু করেছে। এটি একটি যুগান্তকারী পদক্ষেপ। এর ফলে যারা যথার্থ আয় ঘোষণা করবেন তাদের হয়রানীর শিকার হবার সম্ভাবনা কমে যাবে। করদাতাদের সুবিধার্থে এনবিআর “নিজেই করি নিজের আয়কর রিটার্ণ ফরম” শ্লোগান বাস্তবায়নার্থে আয়কর রিটার্ণ ফরম সহজীকরণের উদ্যোগ নেয়া হয়েছে। কর বিষয়ে জনসাধারণকে পরামর্শ প্রদানের জন্য নভেম্বর মাসের শুরু থেকে এনবিআর সেগুনবাগিচাস্থ কেন্দ্রীয় কার্যালয়সহ সকল কর কমিশনারের কার্যালয়ে হেল্পডেস্ক চালু করেছে। তিনি উল্লেখ করেন যে, জাতীয় রাজস্ব বোর্ডের কর সংক্রান্ত হালনাগাদ তথ্য জনগণ যাতে তাৎক্ষণিকভাবে জানতে পারে সেজন্য এস,আর,ও সমূহ ও অন্যান্য সার্কুলার ওয়েবসাইটে দেয়া হচ্ছে। রিটার্ণ ফরম পূরণের পদ্ধতিও ওয়েবসাইটে দেয়া হয়েছে।

ক্ষুদ্র সঞ্চয়কারীদের স্বার্থ রক্ষার্থে ও সঞ্চয়কে উৎসাহিত করার লক্ষ্যে সেভিংস সার্টিফিকেটের সুদ/মুনাফার ক্ষেত্রে পূর্বের ২৫,০০০/= টাকার স্থলে ১,৫০,০০০/= টাকা পর্যন্ত সুদ/ মুনাফাকে উৎসে আয়কর প্রদান থেকে অব্যাহতি প্রদান

করা হয়েছে। তিনি জানিয়ে দেন যে, সরকার কল্যাণমূলক ও সেবামূলক দানকে উৎসাহিত করার জন্য ২,৫০,০০০/= টাকার স্থলে ৫,০০,০০০/= টাকা পর্যন্ত দানকে করমুক্ত রাখার বিধান করেছেন। সরকার সম্প্রতি সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, ঘূর্ণীঝড় 'সিডর' এ ক্ষতিগ্রস্ত দের সাহায্যার্থে "সেনাবাহিনী ত্রাণতহবিলে" আগামী ৩১শে ডিসেম্বর, ২০০৭ পর্যন্ত স্বেচ্ছায় প্রদত্ত অনুদান আয়কর থেকে অব্যাহতি পাবে।

করাদাতাদেরকে রিটার্ন দাখিলের জন্য এসএমএস এর মাধ্যমে উদ্বুদ্ধ করারও পদক্ষেপ নিয়েছে এনবিআর। তিনি জানান যে, সরকারের এসব পদক্ষেপের সুফল ও অনুকূল সাড়া মিলতে শুরু করেছে। গত বছরের তুলনায় প্রায় ১ লক্ষ রিটার্ন বেশী জমা পড়েছে। এসব রিটার্নের মাধ্যমে আয়কর আদায় হয়েছে যা গত বছরের তুলনায় প্রায় ৩ গুণ।

গত ১৯ নভেম্বর সরকার জারী করেছে ইলেকট্রনিক ক্যাশ রেজিস্টার ব্যবহার সংক্রান্ত এস আর ও। এর আওতায় আগামী ১লা জুলাই, ২০০৮ থেকে হোটেল, রেস্তোরা, মিষ্টির দোকান, ফাস্ট ফুড, বিউটি পার্লার, ডিপার্টমেন্টাল স্টোর, জেনারেল স্টোর, বড় ও মাঝারী ব্যবসা প্রতিষ্ঠানে ইলেকট্রনিক ক্যাশ রেজিস্টার ব্যবহারের বিধান করা হয়েছে। এজন্য একটি বিধি জারী করা হচ্ছে। এর ফলে এসব ব্যবসা প্রতিষ্ঠান ভ্যাট সংগ্রহ করছে কিনা এবং যে পরিমাণ ভ্যাট সংগ্রহ করেছে তা সরকারী কোষাগারে জমা দিচ্ছে কিনা তা নিশ্চিত করা যাবে।

তাছাড়া মিষ্টির দোকান, আসবাবপত্র দোকানে পোস্টার টানানো বাধ্যতামূলক করা হচ্ছে যাতে ভ্যাট চালান সংগ্রহে ক্রেতাকে অনুপ্রাণিত করা হবে। পোস্টারটি সংশ্লিষ্ট ভ্যাট কমিশনার সরবরাহ করবেন। ভ্যাট প্রদান উৎসাহিত করণ ও এর পদ্ধতি সম্পর্কে সর্বসাধারণকে অবহিতকরণের জন্য ২৬ মিনিটের একটি প্রামাণ্য চিত্র তৈরী করা হয়েছে। টেলিভিশন চ্যানেলসমূহে ও প্রতি জেলায় সিনেমা হল গুলিতে প্রামাণ্যচিত্রটি প্রদর্শন করা হবে।

সরকার কর্তৃক গঠিত রেগুলেটরী রিফর্মস কমিশন এর আওতায় Duty exemption and drawback system, capital machinery import clearance process এবং Bonded warehouse licensing বিষয়ে আইনগত ও পদ্ধতিগত সংস্কার সাধনকল্পে সুপারিশ প্রণয়নের জন্য চেয়ারম্যান, এনবিআরকে সভাপতি করে গঠিত সাব-কমিটি অদ্য ৩/১২/০৭ তারিখে প্রথম সভা করেছে। সাব-কমিটি শিপ্রাই এ বিষয়ে তার সুপারিশ রেগুলেটরী রিফর্মস কমিশনের নিকট দাখিল করবে।

মোঃ মোস্তফা কামাল পাঠান
জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড
ফোন- ০১৭১৫৮২১০০৩